গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক নং : মাউশি/লেইস/০১-০৩/প্রযো/২০২৪/১৬৮৬ তারিখ : ২৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য আয়োজিত প্রশিক্ষণসমূহে বাধ্যতামূলক অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় গৃহীত লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্টটি অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের শিখন ত্বরান্বিতকরণ ও ধরে রাখার হার বৃদ্ধি; মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের দক্ষতা উন্নয়ন ;এবং মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা (secondary systems) ও সহনক্ষমতা (resilience) উন্নয়ন। বর্তমান সরকারের ইশতেহারে ঘোষিত প্রতিশ্রুতি সমূহ পূরণের লক্ষ্যে লেইস প্রকল্পে গৃহীত কর্মসূচীসমূহ বাস্তবায়ন আবশ্যক। লেইস প্রকল্পের অন্যতম কর্মসূচি হচ্ছে মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদ্রাসার শিক্ষকগণের জন্য বিভিন্ন ধরনের দীর্ঘমেয়াদী ও মধ্যমেয়াদী বিশেষায়িত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের দক্ষতার স্থায়ী ও কার্যকর উন্নয়ন সাধন।

০২। লেইস প্রজেক্টের আওতায় সংস্থানকৃত প্রশিক্ষণসমূহের মধ্যে অন্যতম প্রধান প্রশিক্ষণ কর্মসূচি নিম্নরূপ:

| ক্রম. | প্রশিক্ষণের নাম | সংখ্যা (জন) | প্রশিক্ষণের মেয়াদ (দিন) | ভেন্যু |
|---|---|---|---|---|
| ১. | শিক্ষকদের জন্য মনোসামাজিক প্রাথমিক সহায়তা (Psychological First Aid) বিষয়ক প্রশিক্ষণ | ১১৮৩৪০ | ১২ | টিটিসি, এইচএসটিটিআই, বিএমটিটিআই এবং কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য ভেন্যু। |
| ২. | শিক্ষকদের পেশাগত উন্নয়নে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | ৫৩৭৬০ | ৪২ | |
| ৩. | নবীন শিক্ষকদের বেসিক প্রশিক্ষণ | ২৬৮৮০ | ৫৬ | |
| ৪. | প্রতিষ্ঠান প্রধানগণের জন্য লিডারশিপ ট্রেনিং | ২৮৮০০ | ২১ | |
| ৫. | ব্লেন্ডেড লার্নিং বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ | ৫৯১৭০ | ১২ | |
| ৬. | আইসিটি শিক্ষকদের জন্য আইটি প্রশিক্ষণ (AI Focused) | ২৯৫৮৫ | ৩০ | |
| ৭. | জলবায়ু পরিবর্তন বিষয়ে প্রস্তুতি সংক্রান্ত শিক্ষক প্রশিক্ষণ | ১১০০০ | ১০ | |
| ৮. | মাধ্যমিক পর্যায়ে ভোকেশনাল ধারায় কর্মরত ট্রেড ইনস্ট্রাক্টর/ল্যাব অ্যাসিস্ট্যান্টগণের ভোকেশনাল ট্রেনিং | ২০০০ | ১০ | |
| ৯. | লাইব্রেরিয়ানদের প্রশিক্ষণ | ২৯৫৮৫ | ৬ | |

০৩। মাধ্যমিক পর্যায়ের নবীন শিক্ষকগণকে আধুনিক শিখন-তত্ত্ব সম্পর্কে সম্যক ধারণা প্রদান, হাতে-কলমে কার্যকর শিখন-শেখানো কৌশল রপ্ত করানো এবং অন্তর্ভুক্তিমূলক ও মানসম্মত শিক্ষাদানে অভ্যস্তকরণ, শিখন-শেখানোর কাজে সমসাময়িক আর্টিফিসিয়াল ইন্টালিজেন্স এর ব্যবহার, বিষয়ভিত্তিক শিক্ষকদের পেশাগত উন্নয়ন এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের নেতৃত্বগুণের উন্নয়নের লক্ষ্যে বর্ণিত প্রশিক্ষণসমূহ আয়োজিত হচ্ছে, যা SDG-4 এর গুণগত শিক্ষার লক্ষ্য অর্জনের সাথে সরাসরি সম্পর্কিত। এ প্রশিক্ষণ কর্মসূচি মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধিকরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত একটি অগ্রাধিকার ( Flagship) কর্মসূচি।

০৪। বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ইতোমধ্যে প্রায় দশ হাজার শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু এটি পরিলক্ষিত হচ্ছে যে, প্রতিষ্ঠান প্রধানগণ মনোনীত শিক্ষকগণকে প্রশিক্ষণে যোগদানে নিরুৎসাহিত করছেন অথবা ছাড়পত্র প্রদানে অপারগতা প্রকাশ করছেন। ক্ষেত্রবিশেষে প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অংশগ্রহণে অনাগ্রহ প্রকাশ করছেন যা সরকারের নির্দেশনার পরিপন্থী।

০৫। এমতাবস্থায়, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত প্রতিশ্রুতিসমূহ পূরণ ও SDG-4 অর্জনের লক্ষ্যে লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্টের আওতায় আয়োজিত প্রশিক্ষণসমূহে মনোনীত মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণকে অনিবার্য কারণ ব্যতিরেকে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ এবং বাস্তবায়ন করার জন্য মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা এবং মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে লেইস প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগতা প্রকাশ করলে কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

০৯.০৯.২৬

প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:
০১. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তর (সকল);
০২. উপপরিচালক, মাধ্যমিক, আঞ্চলিক কার্যালয়, মাউশি অধিদপ্তর (সকল);
০৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৫. মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান (সকল)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):
০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [দৃ. আ. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ];
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয় [দৃ.আ.অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ];
০৩. মহাপরিচালক,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা;
০৪. সংরক্ষণ নথি।